গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহণ অধিদপ্তর
বার্ষিক প্রতিবেদন
২০১৮-১৯

১। **দপ্তরের নাম ও ঠিকানা :** নৌ পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২। **ওয়েব সাইট**:www.dos.gov.bd
**ই-মেইল** : info@dos.gov.bd
**ফোন** : ৯৫১৩৩০৫
**ফ্যাক্স** : ৯৫৮৭৩০১

## ৩। পরিচিতি

নৌপরিবহন অধিদপ্তর নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সরকারী রেগুলেটরী সংস্থা । সংস্থাটি মেরিটাইম প্রশাসন হিসাবে অভ্যন্তরীণ নৌযান এবং সমুদ্রগামী জাহাজের নিরাপত্তা ও পরিবেশ দূষণরোধে কার্যক্রম গ্রহণ ছাড়াও জাহাজে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ ও সনদায়ন এবং নৌবাণিজ্যের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।Inland Shipping Ordinance (ISO) 1976, Merchant Shipping Ordiance (MSO) 1983 ও Flag Vessels (Protection) Ordinance 1982 এর আওতায় প্রণীত বিভিন্ন বিধিমালা এবং আন্তর্জাতিক মেরিটাইম কনভেনশন বাস্তবায়নের মাধ্যমে এই অধিদপ্তর মূল কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের প্রশাসনিক আওতাধীন নিম্নোক্ত কার্যালয়সমূহ রয়েছে:

(১) নৌ বাণিজ্য অফিস, চট্রগ্রাম,
(২) সরকারী শিপিং অফিস, চট্রগ্রাম,
(৩) নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্রগ্রাম
(৪) প্রকৌশলী ও জাহাজ জরিপকারকের কার্যালয় ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল ও খুলনা
(৫) ইন্সপেক্টরেট অব ইনল্যান্ড শিপস, প্রধান কার্যালয়/সদরঘাট, ঢাকা/নারায়নগঞ্জ/চাঁদপুর/ পটুয়াখালী/ বরিশাল/ খুলনা/চট্রগ্রাম ।

## ৪। ভিশন ও মিশন

**ভিশনঃ** নিরাপদ, পরিবেশবান্ধব এবং দক্ষ নৌ-চলাচল ব্যবস্থা ।

**মিশনঃ** দেশীয় এবং আন্তর্জাতিক নৌ সংক্রান্ত আইন প্রয়োগের মাধ্যমে দক্ষ, নিরাপদ এবং পরিবেশবান্ধব নৌ চলাচল ব্যবস্থা নিশ্চিতকরণ।

## ৫। নৌ-পরিবহন অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যাবলি :

১। সমুদ্রগামী ফিশিং, কোস্টাল এবং অভ্যন্তরীণ জাহাজের রেজিষ্ট্রেশন ও সার্ভে করণ;
২। সমুদ্রগামী ফিশিং এবং অভ্যন্তরীণ জাহাজের কর্মকর্তা/নাবিকদের যোগ্যতা সনদ, পরীক্ষা গ্রহন এবং সনদ প্রদান;

৩। নৌযানের নকশা ও ডিজাইন অনুমোদন প্রদান;
৪। আইন অমান্যকারীদের বিরুদ্ধে মেরিন কোর্ট-এ বিচার কার্য পরিচালন;
৫। অভ্যন্তরীণ নৌযানের বে-ক্রসিং অনুমতি প্রদান ;
৬। নৌ-দূর্ঘ টনা তদন্ত করা;
৭। ভ্রাম্যমান নৌ-আদালত পরিচালনা করা;
৮। ক্লাসিফিকেশন সোসাইটিসমূহের কার্য ক্রম মনিটরিং কর;
৯। আইন অমান্যকারী নৌযান/মালিক/মাস্টারদের বিরুদ্ধে মামলা প্রদান;
১০। মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা কর;
১১। বাংলাদেশী বন্দরে আগত বিদেশী জাহাজসমূহকে পোর্ট স্টেট কন্ট্রোলের আওতায় পরিদর্শ নকরণ কার্য ক্রম পরিচালনা করা;
১২। বাংলাদেশের বন্দরে আগত সকল নৌযানের ফিটনেস যাচাইকরনের ব্যবস্থা করা ;
১৩। সমুদ্র বন্দরে জাহাজের আগমন-নির্গ মন অনুমতি প্রদান;
১৪। মেরিন প্রফেশনাল সার্ভে য়ারদের লাইসেন্স জারীর ব্যবস্থা করণ;
১৫। কুতুবদিয়া, কক্সবাজার ও সেন্টমার্টি ন বাতিঘর পরিচালনার মাধ্যমে নৌযানসমূহকে দিক নির্দে শনা প্রদান ও রাজস্ব আদায়;
১৬। The International Ship and Port Facility Security (ISPS)কোড বাস্তবায়নে কার্য ক্রম গ্রহণ;
১৭। বাংলাদেশের জলসীমায় বিপদগ্রস্থ জাহাজ উদ্ধার ও অনুসন্ধান কার্য ক্রমের সমন্বয় সাধন কর;
১৮। বাংলাদেশ সমুদ্রসীমায় বাণিজ্যিক জাহাজের বিরুদ্ধে জলদস্যুতা ও অবৈধ কার্য ক্রম রোধে ব্যবস্থা গ্রহন করা;
১৯। মেরিটাইম বিধি-বিধান তৈরী প্রণয়ন;
২০। বাংলাদেশ কর্তৃক স্বাক্ষরিত নৌ-সম্পর্কীয় আন্তর্জাতিক কনভেনশনসমূহ বাস্তবায়ন;
২১। ILOবিধান মোতাবেক বাংলাদেশী নাবিকদের বরাবরে নাবিক পরিচয়পত্র জারী;
২২। ম্যানিং এজেন্টদের লাইসেন্স প্রদান;
২৩। STCW Convention। National Standardঅনুযায়ী কর্ম কর্ত, ক্যাডেট ও রেটিংদের প্রশিক্ষন মনিটরিং করা;
২৪। IMO, ILOএবং শিপিং সংক্রান্ত অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা;
২৫। অন্যান্য মেরিটাইম দেশের সাথে সম্পাদিত শিপিং চুক্তি বাস্তবায়নকরণ;
২৬। বাংলাদেশ পতাকাবাহী জাহাজের ব্যবসায়িক স্বার্থ সংরক্ষণ;
২৭। শিপিং বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;
২৮। নৌ-পরিবেশ দূষণ প্রতিরোধ;
২৯। সমুদ্রগামী জাহাজের নিয়োগ, নিষ্কৃতি এবং বেতন-ভাতা পাওয়ার ব্যাপারে বাংলাদেশী নাবিকদের স্বার্থ রক্ষা করা;
৩০। বাংলাদেশী নাবিকদের অনুকূলেCDCজারী;
৩১। রপ্তানী পণ্য ওজন সংক্রান্তVerified Gross Massএর অনুমতি প্রদান;
৩২। সমুদ্রগামী, কোস্টাল ও অভ্যন্তরীণ জাহাজের মিনিমাম সেইফ ম্যানিং ডকুমেন্ট জারী করন।

**৬। দপ্তরের জনবলঃ**

অধিদপ্তরের মোট অনুমোদিত/মঞ্জুরীকৃত জনবলের সংখ্যা ৪২৩ জন। উহার শ্রেনী বিন্যাস নিম্নে উল্লেখ করা হলো;

| ‡kbx | 1g †kYx | 2q †kYx | 3q †kYx | 4_ †kYx | ‡gvU |
|---|---|---|---|---|---|
| Rbe j | 81 | 67 | 175 | 100 | 423 |

**৭। ২০১৮-১৯ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যক্রম :**

বাংলাদেশী নাবিকগণের নির্বি ঘ্নে বিদেশী জাহাজে যোগদান এবং বিভিন্ন বন্দরে গমনাগমনের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন মেশিন রিডেবল আইডি কার্ড প্রবর্তনসহ যুগোপযোগী করা হয়েছে।বাংলাদেশী সমুদ্রগামী জাহাজের নাবিকদের সিডিসি, যোগ্যতা সনদ এবং Certificate of Proficiency (CoP) এর অন-লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। অভ্যন্তরীণ নৌযানের মাষ্টার-ড্রাইভারদের যোগ্যতা সনদ অনলাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। জাল যোগ্যতা সনদ ব্যবহার রোধকল্পে নিরাপত্তা ছাপ সম্বলিত যুগোপযোগী যোগ্যতা সনদ প্রবর্তন করা হয়েছে। মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউট সমূহের প্রশিক্ষণ কার্য ক্রম অন-লাইন মনিটরিং এর আওতায় আনা হয়েছে। বেসরকারী মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউট সমূহে পরিচালিত বিভিন্ন কোর্সে র রেজিষ্ট্রেশন নাম্বার অন-লাইনে প্রদান করা হচ্ছে। নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিক ও কর্ম কর্তাদের বিভিন্ন ধরণের সার্টি ফিকেট অব কম্পিটেন্সি,সার্টি ফিকেট অব প্রফিসিয়েন্সী তৈরীর কাজ সম্পাদনের তথ্য মোবাইল ম্যাসেজের মাধ্যমে সেবা গ্রহণকারীর নিকট প্রেরণ করা হচ্ছে। সমুদ্রগামী জাহাজের নাবিকদের পরীক্ষাসহ বিভিন্ন ধরণের আবেদন অন-লাইনে গ্রহণ পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। নাবিকদের আংশিক sign on ও sign off কার্য ক্রম অনলাইনে সম্পাদন হচ্ছে। নন-ট্যাক্স রাজস্ব আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সেবা গ্রহণকারী প্রদত্ত বিবিধ ফিস অন-লাইনে গ্রহণ করা হচ্ছে। একজন বাংলাদেশী International Maritime Organization (IMO)এর আওতায় প্রতিষ্ঠিত International Mobile Satellite Organization (IMSO)এর মহা-সচিব নির্ব াচিত হয়েছেন । সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিকদের পরীক্ষাসহ বিভিন্ন ধরণের আবেদন, নৌপরিবহন অধিদপ্তরে সেবাগ্রহীতা কর্তৃক সেইফ ম্যানিং সনদ, শিপ সার্ভে য়ার সনদ, শিপ বিল্ডার্স ছাড়পত্র ডিজাইন তৈরী ও অন্যান্য বিষয়ে এনওসি'র জন্য অন-লাইনে আবেদন দাখিল করার ব্যবস্থা চালু করণ।

সিডিসি জাল রোধকল্পে বিশেষ নিরাপত্তা (Ultra Violet, Micro Security Line, Anti Photocopy, Quick Response Code) বৈশিষ্টযুক্ত কাগজে এবং সময়ের চাহিদানুযায়ী পার্শ্ববর্তী অন্যান্য দেশের সিডিসি/সীম্যান বুকের ন্যায় হাতে লেখার পরিবর্তে মেশিন প্রিন্টেড সিডিসি প্রবর্তন করা হয়েছে। IMO কর্তৃক বাংলাদেশে Member State Audit Scheme (IMSAS)অডিট সম্পাদন হয়েছে। EGIMNS প্রকল্পের আওতায় কক্সবাজার, সেন্টমার্টি নও কুতুবদিয়ার বাতিঘরসমূহ নতুন কোষ্টাল রেডিও ষ্টেশনসহ পুনঃনির্ম ানের জন্য এবং ঢালচর, দুবলার চর, নিঝুমদ্বীপ ও কুয়াকাটায় কোষ্টাল রেডিও ষ্টেশনসহ ৪টি নতুন বাতিঘরের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। নৌপরিবহন অধিদপ্তরের সেবাসমূহকে অধিকতর সেবামুখী, জনবান্ধব, সহজ ও কার্য করী করার লক্ষ্যে প্রথাগত বর্ত মান সেবাপদ্ধতি থেকে ইসার্ভি সে রূপান্তর করার জন্য "ই-সার্ভি স রোডম্যাপ২০২১" প্রস্তুত করা হয়েছে।

**৮। ২০১৮-১৯ অর্থ বছরের উন্নয়ন প্রকল্প বিবরণ:**

## (১) Establishment of GMDSS & Integrated Maritime Navigation System (EGIMNS) প্রকল্পের উদ্দেশ্য:

১। ২৪ ঘন্টা জাহাজ এবং তীরবর্তী স্থানের সাথে যোগাযোগ স্থাপন।
২। আন্তর্জাতিক কনভেনশনের অধীনে বাধ্যবাধকতা পূরণ করা।
৩। সামুদ্রিক নিরাপত্তা, নজরদারি, ন্যাভিগেশনাল এইড এবং যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে উপকূল ভিত্তিক সুবিধা স্থাপন ও পরিচালনা করা।
৪। আধুনিক নৌব্যবস্থা ও জাহাজ ট্র্যাফিক ব্যবস্থাপনা দ্বারা সামুদ্রিক নিরাপত্তাকে উন্নত করা।
৫। বিদ্যমান বাতিঘর গুলোর আধুনিকায়ন এবং নতুন বাতিঘর স্থাপন করা।
৬। অনুসন্ধান এবং উদ্ধার (এসএআর) কাজে সমন্বয় করা।
৭। ডিজিটাল মেরিটাইম মাধ্যমে বাংলাদেশকে উন্নত করা।

## EGIMNS প্রকল্পের সংক্ষিপ্ত আর্থি ক বিবরণ:

| আর্থি ক বছর | আর্থি ক অগ্রগতি | ভৌত অগ্রগতি |
|---|---|---|
| ২০১৪-১৫ | ৬৭৬.১৩<br>(জিওবি- ২১১.১ এবং ডিপিএ- ৪৬৫.০৩) | ১.৮২% |
| ২০১৫-১৬ | ২৪৪.৩০<br>(জিওবি-১০০.৩১ এবং ডিপিএ-১৪৩.৯৯) | ০.৬৬% |
| ২০১৬-১৭ | ১৪৪.৭৬<br>(জিওবি- ১৪৪.৭৬ এবং ডিপিএ- ০.০০) | ০.৩৯% |
| ২০১৭-১৮ | ৫৮০০.১০<br>(জিওবি- ২৪৩.৩২ এবং ডিপিএ- ৫৫৫৬.৭৮) | ১২.৭২% |
| ২০১৮-১৯<br>(জুন ২০১৯chন্ত অগ্রগতি) | ৪৬৬৬.৬৩<br>(জিওবি- ২১৪৮.৯৬ এবং ডিপিএ- ২৫১৭.৬৭) | ১০.২৩% |

প্রকল্পের মোট বরাদ্দ : ৪৫৫৯৫.৭৭ লক্ষ টাকা (জিওবি - ১৬৪৪১.৫৫ লক্ষ টাকা, ডিপিএ - ২৯১৫৪.২২ লক্ষ টাকা)।
এডিপি ২০১৮-১৯ :৯৩০০.০০ লক্ষ টাকা (জিওবি –৩৫০০.০০ লক্ষ টাকা, ডিপিএ – ৫৮০০.০০ লক্ষ টাকা) ।

সংশোধিত এডিপি ২০১৮-২০১৯: ৮০৫১.০০ লক্ষ টাকা (জিওবি –২২৫১.০০ লক্ষ টাকা, ডিপিএ –৫৮০০.০০ লক্ষ টাকা)।
জুন ২০১৯ মাসের অগ্রগতি: ২৪৯৭.৮৩ লক্ষ টাকা।

জুন ২০১৯ পর্য ন্ত অগ্রগতি ৪৬৬৬.৬৩ লক্ষ টাকা।
৪র্থ কিস্তি২০১৮-২০১৯ পর্য ন্ত অবমুক্তি ৩৪৫৬.৯১ লক্ষ টাকা (জিওবি)।

মোট ডিপিএ জুন ২০১৯ পর্য ন্ত ব্যবহার ৮৬৮৩.৪৭ লক্ষ টাকা।

জুন ২০১৯ পর্যন্ত সংযোজনীয় অগ্রগতি ১১৫৩১.৯২ লক্ষ টাকা (জিওবি –২৮৪৮.৪৫ লক্ষ টাকা, ডিপিএ – ৮৬৮৩.৪৭ লক্ষ টাকা) এবং ভৌত অগ্রগতি ২৫.২৯%।

প্রস্তাবিত এডিপি ২০১৯-২০২০: ৯৪২৪.০০ লক্ষ টাকা (জিওবি –৫০৬৮.০০ লক্ষ টাকা, ডিপিএ –৪৩৫৬.০০ লক্ষ টাকা)।

(২) Development of Maritime Legislation of Bangladesh (DOMLOB) **প্রকল্পের উদ্দেশ্য:**

১। এটি জাহাজ চালনা সম্পর্কিত আন্তর্জাতিক বিভিন্ন রীতিনীতি বাস্তবায়নে আন্তর্জাতিক কনভেনশন এর বাস্তবায়নে সহায়ক হবে।
২। বাংলাদেশের আন্তর্জাতিক আবশ্যকরণীয় বিধিসমূহ পূরণে সহায়ক হবে।
৩। বিদ্যমান বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিনেন্স১৯৮৩ এবং এর অধীন বিধিসমূহ যুগোপযোগী, সংশোধনী ও আধুনিকায়ন করতে সহায়ক হবে।
৪। সংশোধিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিনেন্সএবং এর বিধিসমূহ ইংরেজী হতে বাংলা অনুবাদ এবং বাংলা হতে ইংরেজী অনুবাদ প্রদানে সক্ষম হবে।
৫। বিদ্যমান বাংলাদেশ ইনল্যান্ড শিপিং অর্ডিনেন্স এবং এর অধীন বিধিসমূহ যুগোপযোগী, সংশোধনী ও আধুনিকায়ন করতে সহায়ক হবে।

DOMLOB **প্রকল্পের সংক্ষিপ্ত আর্থিক বিবরণ:**

| আর্থিক বছর | মোট বরাদ্দ | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি |
|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ২,০০,০০,০০০/- | ১,৮২,১৭,৯৮৮/২০ | ৯১.০৮% |

প্রকল্পের মোট বরাদ্দ :৪১০.৫০লক্ষ টাকা ।

**৯। ২০১৮-১৯ অর্থ বছরের উল্লেখযোগ্য সাফল্য**

| | |
|---|---|
| ১ | নৌপরিবহন অধিদপ্তরের আওতায় ৩৭১ কোটি টাকা ব্যয়ে "Establishment of Global Maritime Distress & Safety System (GMDSS) এবং ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন (EGIMNS)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন; |
| ২ | নাবিকদের সিডিসি'র ডাটা বেইজ তৈরী করতঃ অন-লাইন যাচাই ব্যবস্থা চালু করা হয়েছে; |
| ৩ | নাবিকদের অনুকূলে জারীকৃতCertificate of Proficiency (CoP) এর ডাটা বেজ তৈরী; |
| ৪ | অভ্যন্তরীণ নৌযানের মাষ্টার-ড্রাইভারদের যোগ্যতা সনদ অন লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন; |
| ৫ | বেসরকারী মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউটসমূহে পরিচালিত বিভিন্ন কোর্সের রেজিষ্ট্রেশন নাম্বার অন-লাইনে প্রদান; |
| ৬ | নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিক ও কর্মকর্তাদের বিভিন্ন ধরণের সার্টিফিকেট অব কম্পিটেন্সী(CoC), সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সী(CoP) আবেদন অন লাইনে গ্রহণ, প্রদত্ত তথ্য হতে সনদ প্রণয়ন এবং সনদ প্রস্তুতের তথ্য মোবাইল ম্যাসেজের মাধ্যমে সেবা গ্রহণকারীর নিকট প্রেরণ করা হচ্ছে; |

| | |
|---|---|
| ৭ | সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিকদের পরীক্ষাসহ বিভিন্ন ধরণের আবেদন, নৌপরিবহন অধিদপ্তরে সেবাগ্রহীতা কর্তৃক সেইফ ম্যানিং সনদ, শিপ সার্ভেয়ার সনদ, শিপ বিল্ডার্স ছাড়পত্র ডিজাইন তৈরী ও অন্যান্য বিষয়ে এনওসি'র জন্য অন-লাইনে আবেদন দাখিল করার ব্যবস্থা চালু করণ; |
| ৮ | নন-ট্যাক্স রাজস্ব আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সেবা গ্রহণকারী প্রদত্ত বিবিধ ফিস অন-লাইনে গ্রহণ করা হচ্ছে; |
| ৯ | নাবিকদের সাইন অন-সাইন অফ কার্যক্রম অন-লাইনে সম্পাদনের পদ্ধতি প্রবর্তন; |
| ১০ | সিডিসি জাল রোধকল্পে বিশেষ নিরাপত্তা (Ultra Violet, Micro Security Line, Anti Photocopy, Quick Response Code) বৈশিষ্টযুক্ত কাগজে এবং সময়ের চাহিদানুযায়ী পার্শ্ববর্তী অন্যান্য দেশের সিডিসি/সীম্যান বুকের ন্যায় হাতে লেখার পরিবর্তে মেশিন প্রিন্টেড সিডিসি প্রবর্তন করা হয়েছে; |
| ১১ | জাল যোগ্যতা সনদ ব্যবহার রোধকল্পে নিরাপত্তা ছাপ যুক্ত করে যুগোপযোগী যোগ্যতা সনদ প্রবর্তন; |
| ১২ | International Maritime Organization (IMO) কর্তৃক বাংলাদেশে Member State Audit Scheme (IMSAS)অডিট কার্যক্রম সম্পাদন; |
| ১৩ | EGIMNS প্রকল্পের আওতায় কক্সবাজারও কুতুবদিয়ার বাতিঘরসমূহ নতুন কোষ্টাল রেডিও ষ্টেশনসহ পুনঃনির্মানের কাজ চলমান রয়েছে; |
| ১৪ | EGIMNS প্রকল্পের আওতায় নিঝুমদ্বীপ ও কুয়াকাটায় কোষ্টাল রেডিও ষ্টেশনসহ নতুন বাতিঘর স্থাপন কার্য ক্রমচলমান রয়েছে এবং ঢাকায় আগারগাঁও অধিদপ্তরের প্রধান কার্যালয়ের৮তলা ভবন নির্মান কাজ শুরু হয়েছে; |
| ১৬ | নৌপরিবহন অধিদপ্তরের সেবাসমূহকে অধিকতর সেবামুখী, জনবান্ধব, সহজ ও কার্যকরী করার লক্ষ্যে প্রথাগত বর্তমান সেবাপদ্ধতি থেকে ই-সার্ভিসে রূপান্তর করার জন্য ই-সার্ভিস সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। |

<u>**নির্দ্ধারিত ছকে মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষি ক প্রতিব্দেন**</u>

**মন্ত্রণালয়/বিভাগের নাম : নৌপরিবহন অধিদপ্তর, প্রধান কার্য ালয়, ঢাকা**
**আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ৫টি**
**প্রতিবেদনাধীন বছর ২০১৮-২০১৯ প্রতিবেদন প্রস্তুতির তারিখ** : ০২/৭/২০১৯খ্রি:

## (১) প্রশাসনিক

১. ১ কর্ম কর্তা/কর্ম চারীদের সংখ্যা(রাজস্ব বাজেটে)

| **সংস্থার স্তর** | **অনুমোদিত পদ** | **পূরণকৃত পদ** | **শূন্যপদ** | **বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ** | **মন্তব্য*** |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৪২৩ | ২৩৪ | ১৮৯ | বর্ণি ত পদসমূহের মধ্যে২৪টি পদ অস্থায়ী ভিত্তিতে সৃজন করা হয়েছে। যা বছর ভিত্তিক নবায়ন করা হয়। | |
| **মোট** | ৪২৪ | ২৩৪ | ১৮৯ | | |

***** অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| **অতিরিক্ত সচিব/তদূর্দ্ধ পদ** | **জেলা কর্ম কর্তার পদ** | **অন্যান্য ১ম শ্রেণির পদ** | **২য় শ্রেণির পদ** | **৩য় শ্রেণির পদ** | **৪র্থ শ্রেণির পদ** | **মোট** |
|---|---|---|---|---|---|---|
| - | - | ৫১ | ৪৫ | ৬৫ | ২৮ | ১৮৯ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্য াদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্দ্ধ) শূন্য থাকলে তার তালিকা

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণ না:
নৌপরিবহন অধিদপ্তরের আওতায়ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভে য়ার এন্ড রেজিষ্ট্রার অব ইনল্যান্ড শিপ পদসহ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভে য়ারের মোট৪(চার)টি স্থায়ী পদ রয়েছে। তম্মধ্যে দু’জন স্থায়ী পদেকর্ম রত, একটি পদের নিয়োগবিধি না থাকায় নিয়োগ প্রদান করা সম্ভব হচ্ছেনা। নিয়োগবিধি প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।অপর একটি পদ পাবলিক সার্ভি স কমিশনের মাধ্যমে পুরণের প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত পদ দুইটি গুরুত্বপূর্ণ বিধায়একটি পদে বাংলাদেশ শিপিং কর্পো ারেশন(বিএসসি) হতেএকজন প্রেষণে নিয়োজিত আছেন।

১.৫ অন্যান্য পদের তথ্য

| **প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা** |
|---|---|
| **১** | **২** |
| - | - |

*কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন  নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ১৬ | ৮ | - | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন(দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামেভ্রমণ | - | - | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন(বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| | **নৌপরিবহন অধিদপ্তর** | **৬** | **১.১৯** | ৬ | **১** | **০০.০১** | **৫** | **১.১৮** |
| | **নৌবানিজ্য অফিশ** | ৫ | ১.৫১ | ১ | **-** | **-** | **৫** | **১.৫১** |
| | **মোট** | ১১ | **২.৭০** | ৭ | **১** | **০০.০১** | **১০** | **২.৬৯** |
| **সর্ব মো** | | | | | | | | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে(২০১৮-১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরেনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| - | - | - | - | - | - |

## (৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| | | | ২১ | - |

## (৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৪০ | ৪০ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

(১) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য অধিদপ্তর কর্তৃক বৎসরে ৪টি প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করেন। তাছাড়া অধিদপ্তরের অধিনস্থ অফিস সমূহেও প্রশিক্ষনের আয়োজন করা হচ্ছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? নাই

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ১৬জন

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১০ | ১৪ |

**(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ৫৩টি (টিওএন্ডটি তে অন্তর্ভুক্ত) | আছে | আছে | নাই | ১১০ | ৬৫ |

**(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ**
(অর্থ বিভাগের জন্য)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| | | ২০১৮-১৯ | | ২০১৭-১৮ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | - | - | - | - | - | - |
| | নন-ট্যাক্স রেভিনিউ | ৭.৫০ | ৬.১১ | ৭.০৪ | ৪.৪৯ | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | | | | | | | |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা :

(১) অধিদপ্তরের কতিপয় নন-ট্যাক্স রেভিনিউ আইটেমে ফি পুনঃ নির্ধারনএবং নতুন কর ব্যতীত রাজস্ব আইটেম সমূহে ফি নির্ধারণকরা হয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি:

(১) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিবের সাথে নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক এর বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়েছে।

(২) নৌ-পরিবহন অধিদপ্তরের সংশ্লিষ্ট নাগরিক সনদ হাল নাগাদ করা হচ্ছে এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরনের উদ্দেশ্যে ২য় প্রজন্মের সিটিজেন চার্ট ার প্রণয়ন করা হয়েছে এবং তা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শ ন করা হয়েছে।

(৩) অধিদপ্তর কর্তৃক সর্ব শেষ তথ্য সংযোজন করেশিপিং পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে।

(৪) নাবিকদের অনুকূলে অনলাইন আবেদন হতেMachine Readable Identiy document (SID) জারী করা হচেছ।

(৫) সীফেয়ারারদের যোগ্যতা সনদ জালিয়াতি রোধকল্পে অন-লাইন ভেরিফিকেশন পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।

(৬) নৌ-নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন :
নৌ নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নের জন্য নিম্নোল্লিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

(ক) অধিদপ্তরে নবসৃষ্ট ১৫৬টি পদের মধ্যে ২০টি পদে নিয়োগ দেয়া হয়েছে।

(খ) জনবল বৃদ্ধির মাধ্যমে নৌপথে পরিদর্শ ন কাযক্রম বৃদ্ধি করা হয়েছে।

(গ) স্থানীয় এবং আন্তর্জাতিক আইন সম্পর্কিত বিষয়গুলো সঠিকভাবে প্রয়োগের সুবিধার জন্য সংশোধনপূর্ব ক বাংলায় রূপান্তর করা হয়েছে।

(ঘ) নৌযানের রেজিস্ট্রেশন : ছোট ছোট নৌযানগুলো রেজিস্টেশন করণ পদ্ধতি সহজীকরণ করা হয়েছে।

(ঙ) নৌযানের ডাটা বেস : নৌ নিরাপত্তা সংশ্লিষ্ট যে কোন পদক্ষেপ গ্রহণের জন্য নৌযানের সংখ্যা, ধরণ, যন্ত্রপাতি, নাবিকদের যোগ্যতা ইত্যাদি জানা প্রয়োজন। ৬টি জেলায় ইতোমধ্যে একটি পাইলট প্রজেক্ট সম্পন্ন হয়েছে। এর উপর ভিত্তি করে সমগ্র বাংলাদেশের নৌযানের একটি ডাটা বেস তৈরীর জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(৭) Global Maritime Distress & Safety System (GMDSS) প্রকল্পের আওতায় ঢাকা আগারগাঁও অধিদপ্তরের প্রধান কার্য ালয় এবং৪টি স্থানে লাইট হাউজ নির্ম ান কাজ শুরু হয়েছে।

(৮) সরকারের শুদ্ধাচার নীতি অর্জনের লক্ষ্যে অত্র অধিদপ্তরে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে।

(৯) অধিদপ্তরে ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রবর্তন করা হয়েছে।

(১০) অধিদপ্তরের ওয়েব সাইট পুনবিন্যাস করে নতুনভাবে উদ্বোধন করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে

(১১) অধিদপ্তরের আওতাধীন সকল কার্য ালয়ের ওয়েব সাইট তৈরী করা হয়েছে এবং তা আপ-ডেট করা হচ্ছে।

(১২) বিদেশী জাহাজ মালিকদের চাহিদা অনুযায়ী অন-লাইনে বাংলাদেশী যোগ্যতা সনদধারী নাবিকদের যোগ্যতা সনদ ও সিডিসি যাচাই ব্যবস্থা গড়ে তোলা হয়েছে।

(১৩) নাবিকদের ডাটাবেইজ তৈরী করা হয়েছে। ফলে নিয়োগকারী জাহাজ মালিক ও ম্যানিং এজেন্টগণ অন-লাইনে সিডিসি যাচাই করতে সক্ষম হচ্ছেন।

(১৪) আধুনিক সুবিধা সম্বলিত নাবিক হোস্টেল পুন: নির্ম ানের জন্য নকসা প্রণয়ন করা হয়েছে।

(১৫) নাবিকদের যোগ্যতা সনদ জালিয়াতি রোধ কল্পে উন্নতমানের নিরাপত্তা কাগজে সনদ তৈরী করে তা জারী করা হচ্ছে।

(১৬) Independent Evaluation Team Report অনুসারে মেরিটাইম প্রশিক্ষন ও সনদায়ন পদ্ধতি সংশোধন সম্পর্কে রিপোর্ট আইএমও-তে প্রেরন করা হয়েছে।

(১৭) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্ম কর্তা/কর্ম চারীদের মধ্য হতে নির্ব াচনপূর্ব ক পুরস্কৃত করা হয়েছে।

(১৮) অভ্যন্তরীণ নৌযানের মাস্টার ও ড্রাইভারদের যোগ্যতা সনদের ডাটা বেজ তৈরী এবং অন-লাইনে যাচাই ব্যবস্থার প্রবর্তনের পদক্ষেপ নেয়া হয়েছে।

(১৯) ই-ফাইলিং অধিকতর জোরদার করা হয়েছে।

(২০) অধিদপ্তরের অধীনস্থ ৩টি কার্যালয়ের সাথে ২০১৮-২০১৯ সালের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরের উদ্যোগ নেয়া হয়েছে।

(২১) উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্ম পরিকল্পনা ওয়েব সাইটে প্রদান করা হয়েছে।

(২২) নৌপরিবহন মন্ত্রণালয় উদ্ভাবনী সোকেসিং অধিদপ্তর কর্তৃক আয়োজন করা হয়েছে।

(২৩) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তরের ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং গঠিত টিম সক্রিয়ভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে।

৯.৩ **২০১৮-১৯** অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি)**

## (১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত

**১০.১ ২০১৮-১৯** অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি? হ্যাঁ

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ